সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া

সুনাম ও সততার

সঙ্গে

বিশেষত্ব বজায় রেখেছে

**পণ্ডিত-প্রেস**

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সকল প্রকার ছাপার কাজের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৩ ইং 18th May 1966 { ১ম সংখ্যা





সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. S...

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।





**খাস জনতা**

কেরোসিন কুকার

ভারতে জনপ্রিয়তা ও বিপুলতা আদায়।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

**সুলভ ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৩ সাল।

# আশায় নিরাশা

—o—

সেকেণ্ড, মিনিট, ঘণ্টা, সপ্তাহ, মাস, বৎসর কালের অতল-তলে তলাইয়া যাইতেছে। কাল-স্রোতের বিরাম নাই। শ্রীশঙ্করাচার্য্য বলিয়াছেন—

দিন যামিন্যৌ সায়ং প্রাতঃ
শিশির নিদাঘৌ পুনরায়াতঃ।
কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ু
স্তদপি ন মুঞ্চত্যাশা বায়ু॥

অর্থ—দিবা, রাত্রি, সন্ধ্যা, প্রাতঃকাল, শীত, গ্রীষ্ম যাইতেছে এবং পুনরায় আসিতেছে। কাল এইভাবে খেলা করিতেছে। আমাদের আয়ু এইভাবে চলিয়া যাইতেছে কিন্তু আমাদের আশাবায়ু তবুও ছাড়িয়া যায় না। সুখ আশা করিয়া সুখ পাওয়া গেল না, তবুও সুখের আশা আমরা ছাড়িতে পারি না।

প্রত্যেক বৎসরই ১লা বৈশাখ নূতন বৎসর আসিয়া থাকে। বৎসরের নূতন পঞ্জিকা বাজারে বাহির হইবামাত্র যাঁহারা পঞ্জিকা দেখিতে জানেন, দেখেন কে রাজা অর্থাৎ কোন্ গ্রহ রাজার ফল প্রদান করিবে এবং কে মন্ত্রী অর্থাৎ কোন্ গ্রহ মন্ত্রীর ফল প্রদান করিবে? লোকে আলোচনা করে এবার রাজার ফল ভাল আছে, মন্ত্রীর ফলও মন্দ নয়। বৎসর ভাল হইবে। "কাকস্য পরিবেদনা"! আমরা স্বাধীনতা আগমনের পর হইতেই যে স্বাদ-হীনতা উপভোগ করিতেছি, তাহা আর কাহাকে বলিব! গ্রহ-রাজা বা গ্রহ-মন্ত্রীর ফলাফল দূরের কথা, মানুষ রাজ্যে মানুষ মন্ত্রীগণ দেশের সুখ দুঃখের বিধাতা। তাঁহাদের বিধান অনুসারে বাঁচিয়া থাকিবার প্রধান উপকরণ খাদ্যের যে পরিণতি হইয়াছে, তাহা বলাই বাহুল্য। লজ্জা নিবারণের বস্ত্র সাধারণ লোকের ক্রয় শক্তির বাহিরে।

আমরা বাঙালী বাঙলার অধিবাসিবৃন্দ ভারতের যে অংশে যুগযুগান্তর ধরিয়া বাস করিতেছি, যখন পরাধীন ছিলাম, তখন লেখক ও কবিগণ বাঙলা দেশকে সুজলা, সুফলা, মলয়জশীতলা, শস্যশ্যামলা বলিয়া বর্ণনা করিয়া সারা ভারতের মুক্তিমন্ত্র বন্দেমাতরম্ সকলের কর্ণে প্রদান করিয়াছেন। কবি গাহিয়াছেন—

"এমন দেশটি কোথাও খুঁজে
পাবেনাকো তুমি।
সকল দেশের রাণী সে যে
আমার জন্মভূমি।"

---

# জঙ্গিপুর সংবাদের ত্রি-পঞ্চাশত্তম বর্ষ-প্রবেশ

—•—

ভগবানের করুণায়, গুরুজনগণের আশীর্ব্বাদ ও শুভেচ্ছায়, গ্রাহক, পাঠক, হিতাকাঙ্ক্ষী ও বিজ্ঞাপনদাতৃগণের আনুকূল্যে **জঙ্গিপুর সংবাদ** দ্বি-পঞ্চাশত্তম (৫২শ) বর্ষ অতিক্রম করিয়া ত্রি-পঞ্চাশত্তম (৫৩শ) বর্ষে পদার্পণ করিল। এই নব বর্ষ-প্রবেশে আমরা ভগবচ্চরণে ও গুরুজন পদে প্রণতি জানাইয়া সকলের নিকট সসম্মান কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আমরা কেবলমাত্র উদরান্নের সংস্থান করিবার জন্য সাপ্তাহিক "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করি। আমাদের এই ক্ষীণকায় সাপ্তাহিকখানির এমন গ্রাহক ও বিজ্ঞাপনদাতা আছেন, যাঁহারা অদ্যাবধি এই সাপ্তাহিককে তাঁহাদের অনুকম্পা হইতে বঞ্চিত করেন নাই। তাঁহাদের অনুগ্রহেই সুদীর্ঘ তিপান্ন বৎসরকাল এই ক্ষুদ্র সাপ্তাহিক বাঁচিয়া আছে। বাংলা ১৩২১ সালের ৬ই জ্যৈষ্ঠ বুধবার এই কাগজ-খানি প্রথম বাহির হয়।

---

# আমাদের দেশের বর্ত্তমান রূপ

স্বর্গীয় কবি দ্বিজেন্দ্রলাল রায় মহাশয়ের রচিত "ধন ধান্যে পুষ্পে ভরা" গানের অনুকরণে—

হিংসা দ্বেষে ছন্নছাড়া
আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে দেশ যে ছিল
সকল দেশের সেরা
তাহা স্বপ্ন দিয়েই তৈরী ছিল
স্মৃতি দিয়েই ঘেরা॥
এমন দেশটি এখন খুঁজে
পাবেনাকো তুমি
কালোবাজারে পুর্ণ সে যে
আমার জন্মভূমি॥
আটা দুগ্ধ ঘৃত তেলে
কোথায় এমন ভেজাল মেলে
কোথায় এমন ভেজাল ওষুধ
চায়ে চর্ম্মগুঁড়া
অবহেলে চলতে থাকে
এমনই কপাল পোড়া॥
বাণী-ভাষণ, বাক্য-বাহার
কোথায় এত দেনার পাহাড়,
বে-হিসেবী এত খরচ
কোথায় এত চলে
এমন রাতারাতি শ্যাওড়া গাছে
আম্র কোথায় ফলে॥
রন্ধ্রে রন্ধ্রে দুষ্ট নীতি
ছদ্মবেশী দেশ-প্রীতি
দেশহিতৈষীর ছদ্মনামে
নোঙরামিকে ঢেকে
তা'রা মাছের তেলেই
মাছ ভেজে খায়
নিজের তৈল রেখে॥
দেশোন্নতির কপট স্নেহে
রম্য করে নিজের গেহে,
ওমা তোমার চরণ দুটী
আঁকড়ে আমি ধরি
এমন দেশে মৃত্যু হলে
আর যেন না ফিরি॥

---

## তুলসীবিহার মেলা

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় জঙ্গিপুরের শ্রীশ্রী৺বৃন্দাবন-বিহারী দেবঠাকুর, অন্যান্য বিগ্রহাদি ও বালিঘাটার শ্রীশ্রী৺শ্যামরায় দেবঠকুরের আগমন উপলক্ষে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে চারি দিবস-ব্যাপী এই মেলা অনুষ্ঠিত হইয়াছে। মেলায় কাটা-পোষাক, মনোহারী, মিষ্টান্ন, শঙ্খের দোকান, চায়ের দোকান ও নানাবিধ তেলেভাজা খাবারের দোকান বসিয়াছিল। প্রতিদিনই মেলায় বহু নরনারী ও শিশুর সমাগম হইয়াছিল।

## শ্রীশ্রীলক্ষ্মীনারায়ণ পূজা

রঘুনাথগঞ্জের অনতিদূরে নিস্তা গ্রামে শ্রীযতীন্দ্র-নাথ মণ্ডল মহাশয়ের উদ্যোগে নিজ ব্যয়ে নির্ম্মিত পাকা মন্দিরে গত ৩০শে বৈশাখ শ্রীশ্রী৺লক্ষ্মীনারায়ণ দেবের প্রতিমা পূজা সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে। গ্রামবাসীগণকে ও সমাগত দেব-দর্শনার্থীদের প্রসাদ বিতরণ করা হয়। পূজা উপলক্ষে বহুলোকের সমাগম হইয়াছিল।

## শ্রীশ্রীগন্ধেশ্বরী পূজা

রঘুনাথগঞ্জের বণিক সম্প্রদায়ের উদ্যোগে তিন-খানি প্রতিমা নির্ম্মাণ করিয়া পৃথকভাবে শ্রীশ্রী৺রী গন্ধেশ্বরী দেবীর পূজার্চ্চনা হইয়াছে। বাজার-পাড়ার প্রতিমার সম্মুখে এক রাত্রি আলকাপ ও দুই রাত্রি যাত্রাগান এবং চাউলপটীর প্রতিমার সম্মুখে এক রাত্রি যাত্রাগান হইয়াছিল।

## সুইমিং এসোসিয়েশন

মুর্শিদাবাদ জেলা সুইমিং এসোসিয়েশনের ১৯৬৬-৬৭ সালের জন্য নিম্নোক্ত ভদ্রমহোদয়গণকে লইয়া কার্য্যনির্বাহক সমিতি গঠিত হইয়াছে।

সভাপতি—শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায়, জেলা সমাহর্তা। সহ-সভাপতি—সর্বশ্রী পরিমল বসু, জেলা আরক্ষাধ্যক্ষ, জি, কে, দত্ত, নির্বাহী বাস্তুকার, অধ্যক্ষ পি, সি, ঘোষ, সামসুদ্দিন আমেদ এম-এল-এ যুগ্ম-সম্পাদক—সর্বশ্রী সুধীর সান্যাল, অজয়েন্দ্র ঘোষ হাজরা। সহ-সম্পাদক শ্রীপ্রভাস বসু। কোষাধ্যক্ষ—শ্রীশৈলেন্দ্র অধিকারী।

## মুর্শিদাবাদের দুইটি আসনে কংগ্রেসের জয়

মুর্শিদাবাদ স্বায়ত্তশাসন কেন্দ্রের দুইটী আসনে কংগ্রেস প্রার্থী শ্রীদুর্গাপদ সিংহ ২৬১ ভোট ও শ্রীআবদুস সাত্তার ২৫২ ভোট পেয়ে জয়ী হয়েছেন। প্রতিদ্বন্দ্বী শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে ১০১ ভোট, শ্রীকৃষ্ণদাস চ্যাটার্জি ২০ ভোট ও মহম্মদ মুসা ১০ ভোট পেয়েছেন। শেষোক্ত দুইজনের জামানতের টাকা বাজেয়াপ্ত হ'য়েছে বলে প্রকাশ।

## এক পয়সা

বর্ত্তমানে 'এক পয়সা" নামক ক্ষুদ্র মুদ্রাটি বাজার থেকে একেবারে উধাও হয়েছে। এক পয়সা অন্তর্দ্ধানের ফলে হাটে বাজারে দোকানে খরিদ্দারেরা খুব অসুবিধায় পড়েছেন। শুনা যাচ্ছে ঐ মুদ্রায় তামা থাকায় কলিকাতায় চালান হয়ে চড়া দামে বিক্রী হচ্ছে। ১০০ পয়সার বিনিময়ে ১'২৫ হইতে ১৪০ পয়সা পাওয়া যাচ্ছে বলে প্রকাশ।

## তড়িতাহত হ'য়ে রাখালের মৃত্যু

বিগত ২রা মে সমসেরগঞ্জ থানার এলাকা বিহার সীমান্তে পুঁঠিমারী মাঠে একদল রাখাল বালক গরু চরাতে যায় উহাদের মধ্যে দুইজন রাখাল তাদের গরুগুলি দেখতে না পেয়ে তারা কোনদিকে আছে জানবার জন্য নিকটস্থ বৈদ্যুতিক স্তম্ভে আরোহণ করে। একজন স্তম্ভের শেষ মাথায় উঠে তারগুলি ধরে। তার স্পর্শ করামাত্র দুইজন বালকই তড়িতাহত হ'য়ে মৃত্যুমুখে পতিত হয়।

## জনসভা

গত ১৩ই মে শুক্রবার জননেতা শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয়ের আগমনে রঘুনাথগঞ্জ সদর-ঘাটে এক বিরাট জনসভা হইয়াছে। রঘুনাথগঞ্জের শ্রীরমাপতি চট্টোপাধ্যায় মহাশয় উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় শহর ও পল্লীগ্রামের বহুলোক যোগদান করিয়াছিলেন।

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট্ অব টেকনোলজি

কাশিমবাজার রাজ পোঃ,
বহরমপুর, পশ্চিমবঙ্গ

## ভর্ত্তির দরখাস্ত—১৯৬৬-৬৭

১৯৬৬-৬৭ সালের মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনীয়ারিংএ (এল. এম. ই., এল. ই. ই. ও এল. সি. ই.) তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্ত্তির জন্য নির্দ্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিসে ২৩. ৫. ৬৬ তারিখ হইতে যে কোন কার্য্যের দিন বেলা ১০-৩০ মিনিট হইতে ৩টা পর্য্যন্ত নগদ '৫০ পয়সা প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত '৩৫ পয়সা ডাক টিকিট সহ ৯"×৪" মাপের খামের সহিত '৫০ পয়সা মনিঅর্ডারযোগে পাঠাইলেও দরখাস্তের ফরমের সহিত প্রস্পেক্টাস পাওয়া যাইবে।

দরখাস্ত ফরম যথাযথ পূরণপূর্ব্বক প্রিন্সিপ্যাল এম. আই. টি. বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড্ পোষ্টাল অর্ডার সহযোগে ১৫ই জুন, ১৯৬৬ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্যই পৌছান চাই।

১লা জানুয়ারী ১৯৬৬ তারিখে বয়স অবশ্যই ১৫ বৎসরের নিম্নে এবং ২০ বৎসরের উর্দ্ধে না হয়। (তপশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে এক বৎসর শিথিলযোগ্য)

লিখিত ভর্ত্তিপরীক্ষা এবং নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের ফলাফলের উপর নির্ভর করিয়া তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে—যে পরীক্ষা, অনুমোদিত কোন বিদ্যায়তন হইতে স্কুল ফাইনাল অথবা সমতুল কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর জন্য উন্মুক্ত। যে প্রার্থী গত স্কুল ফাইনাল অথবা কোন সমতুল পরীক্ষায় বসিয়াছে এবং উত্তীর্ণ হইবার সম্ভাবনা রাখে, সেও নির্দ্ধারিত তারিখে দরখাস্ত করিতে পারে। পরীক্ষার ফলাফল বাহির হইবার ১০ দিনের মধ্যে মার্কসিটের নকল অবশ্যই পাঠাইতে হইবে।

ভর্ত্তির পরীক্ষা ১৯৬৬ সালের ২৯শে জুন তারিখে অনুষ্ঠিত হইবে।

হষ্টেলে অল্পসংখ্যক সিট পাওয়া যাইতে পারে।

পি, সি, ঘোষ, প্রিন্সিপ্যাল।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে, সেনের

# আমলা কেশ



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)